**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 11/28/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল লং আইল্যান্ড পানির মান উন্নয়ন এবং দূষণ হ্রাস করার জন্য 2.25 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল তহবিল ঘোষণা করলেন

***লং আইল্যান্ড সাউন্ড স্টাডির বিনিয়োগ একাধিক বছরের সেপটিক ব্যবস্থা উন্নয়ন কর্মসূচিকে সমর্থন করতে সাহায্য করবে***

***স্টেট নাসাউ কাউন্টির ওয়াটারশেড পরিকল্পনাকে নাইট্রোজেন হ্রাস করার জন্য চূড়ান্ত করলো***

***প্রয়াসগুলি ক্ষতিগ্রস্ত প্রাণীর আবাস থেকে ক্ষতিকর দূষণ প্রতিরোধ করতে এবং পানির মান উন্নত করতে অঞ্চলের অগ্রগতির ভিত্তিতে হচ্ছে***

গভর্নর ক্যাথি হোকল এবং লং আইল্যান্ড সাউন্ড স্টাডি (Long Island Sound Study, LISS) আজকে ঘোষণা করলো যে লং আইল্যান্ডের উত্তর উপকূলের পানির মান উন্নয়ন করতে দ্বিপক্ষীয় অবকাঠামো আইন (Bipartisan Infrastructure Law, BIL) থেকে প্রাথমিকভাবে 2.25 মিলিয়ন মার্কিন ডলার নতুন ফেডারেল তহবিল প্রদান করা হবে, সেই সাথে নাসাউ কাউন্টিকে নাইট্রোজেন দূষণ হ্রাস করতে সাহায্য করার জন্য একটি অতি গুরুত্বপূর্ণ পরিকল্পনা চূড়ান্ত করা হয়েছে। মুখ্য বৈজ্ঞানিক দূষণ হ্রাস পরিকল্পনার উপর এবং লং আইল্যান্ড নাইট্রোজেন কর্মপরিকল্পনার (Long Island Nitrogen Action Plan, LINAP) অধীনে স্টেটের পরিষ্কার পানি অবকাঠামো অনুদানের ভিত্তি করে, প্রয়াস দুইটি লং আইল্যান্ডের খাওয়ার পানি এবং উপসাগর পুনঃস্থাপন ও সুরক্ষার প্রয়াস অগ্রসর করতে সংযোজিত সংস্থান আনবে।

"এই ফেডারেল তহবিলটি অগণিত লং আইল্যান্ড সম্প্রদায়ের জন্য ওয়াটারশেড ও সেপটিক ব্যবস্থা উন্নত করবে, সকল নিউ ইয়র্কবাসীর কাছে যাতে নিরাপদ, পরিষ্কার পানি পাওয়ার সুযোগ থাকে তা নিশ্চিত করতে আমাদের অঙ্গীকারকে আরো অগ্রসর করবে," **গভর্নর হোকল বলেন।** "দ্বিপক্ষীয় অবকাঠামো আইনের কল্যাণে, আমরা রাষ্ট্রপতি বাইডেন এবং পরিবেশ সুরক্ষা এজেন্সির (Environmental Protection Agency, EPA) সাথে কাজ করতে পারবো যেহেতু আরো সংস্থান উপলভ্য হয়েছে আমাদের সম্প্রদায়সমূহ যেই অতি গুরুত্বপূর্ণ পানি অবকাঠামো সমস্যার সম্মুখীন হয়েছে তা সমাধান করার জন্য এবং আমাদের পানির মান উন্নয়ন উদ্দেশ্যে অর্জনে আরো অগ্রসর হওয়ার জন্য।"

আজকের ঘোষণাগুলি অতিরিক্ত নাইট্রোজেনের সমাধান করতে সাহায্য করবে, যার ফলে ডেড জোন এলাকার বা সমুদ্রের পানিতে হাইপোক্সিয়া সৃষ্টি হয়, মাছ মরে যাওয়ার সম্ভাবনা সৃষ্টি হয়, ক্ষতিকর শৈবাল প্রস্ফুটিত হয়, এবং ঝড়-স্থিতিস্থাপক জলাভূমি ক্ষতিগ্রস্ত হয়। আজকের ঘোষিত 2.25 মিলিয়ন মার্কিন ডলার হলো লং আইল্যান্ড সাউন্ড স্টাডির সাথে একটি একাধিক বছরের প্রত্যাশিত অংশীদারিত্বের প্রথম কিস্তি যা সাফোক ও নাসাউ কাউন্টির সেকেলে সেপটিক ব্যবস্থা প্রতিস্থাপন করার জন্য উপলভ্য তহবিল বৃদ্ধি করবে। পাঁচ বছর ধরে, ফেডারেল দ্বিপক্ষীয় অবকাঠামো আইন থেকে প্রত্যাশিত 8 মিলিয়ন মার্কিন ডলার স্টেট এবং স্থানীয়ভাবে চালিত পানির ম্যান উন্নয়নকাজসমূহকে সমর্থন করতে সাহায্য করবে। লং আইল্যান্ড সাউন্ড স্টাডি একটি সমবায় প্রচেষ্টা যেখানে গবেষক, নিয়ন্ত্রক, ব্যবহারকারী গোষ্ঠী এবং অন্যান্য স্টেকহোল্ডারগণ জড়িত আছে, এবং এর নেতৃত্ব দিচ্ছে নিউ ইয়র্ক এবং কাইনেটিকাটের মার্কিন পরিবেশ সুরক্ষা এজেন্সি।

প্রথম বছর, স্টাডি নিউ ইয়র্ক স্টেটের মাধ্যমে সাফোক কাউন্টি আমাদের পানি পুনরুদ্ধার উদ্যোগকে (Suffolk County Reclaim Our Water Initiative) এবং নাসাউ কাউন্টির পরিচ্ছন্নতা উন্নয়নে সেপটিক পরিবেশ (Septic Environmental Program to Improve Cleanliness, S.E.P.T.I.C.) কর্মসূচিকে 2.25 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করবে। সেপটিক ব্যবস্থা অনুদান কর্মসূচিসমূহ পানির মান উন্নত করবে বাড়ির মালিকদের জন্য সেসপুল প্রতিস্থাপন এবং ভগ্নদশা বা অপর্যাপ্ত সেপটিক ব্যবস্থা প্রতিস্থাপন করতে উৎসাহিত ও প্রণোদিত করার মাধ্যমে। নিউ ইয়র্ক স্টেট সাফোক ও নাসাউ কাউন্টিগুলিকে তহবিল প্রদান করবে যোগ্য সম্পত্তির মালিকদের সেসপুল প্রতিস্থাপন এবং ভগ্নদশা বা অপর্যাপ্ত সেপটিক ব্যবস্থা প্রতিস্থাপন করে আরো পরিবেশের জন্য কার্যকর ব্যবস্থা স্থাপন করার খরচের এক অংশের ব্যয়পূরণ করার জন্য। বাড়ির মালিকেরা স্টেট এবং কাউন্টি উভয় কর্মসূচি থেকে তহবিল পেতে পারে, যার ফলে পরিবেশের জন্য আরো কার্যকর ব্যবস্থা স্থাপন করতে, যা একটি গতানুগতিক সেপটিক ব্যবস্থার তুলনায় বেশি নাইট্রোজেন অপসারণ করে, তার জন্য কমপক্ষে 20,000 মার্কিন ডলার অনুদান পাওয়া সম্ভব।

**পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation, DEC) কমিশনার ব্যাসিল সেগোস বলেন,** "লং আইল্যান্ড সাউন্ড স্টাডির সাথে নিউ ইয়র্কের দীর্ঘমেয়াদি অংশীদারিত্ব, যা রাষ্ট্রপতি বাইডেন, EPA প্রশাসন রেগান, এবং আমাদের কংগ্রেসনাল প্রতিনিধিদল থেকে ফেডারেল পরিবেশের মান ও জলবায়ু বিনিয়োগের সমর্থন পেয়ে বলীয়ান হয়েছে, তা ফল প্রদান করা অব্যাহত রেখেছে। ফেডারেল সরকার থেকে তহবিল যুক্ত হওয়ার ফলে, আমরা আমাদের পানির মান এবং আমাদের পরিবেশ রক্ষার্থে সেপটিক ব্যবস্থা স্থাপনের কাজ ত্বরান্বিত করতে পারবো এবং বহু উপায়ে পানির মান ব্যাপকভাবে উন্নত করতে নাসাউ কাউন্টির সাথে আমাদের কাজ অব্যাহত রাখতে পারবো। লং আইল্যান্ডের পানির মানের সমস্যা গুরুতর এবং অতিরিক্ত তহবিল নিশ্চিত করতে স্টেটের প্রয়াস পানির মান সংক্রান্ত সমস্যা সমাধানে এবং আরো স্বাস্থ্যকর সম্প্রদায় গঠনে স্থানীয় সরকারগুলির নেতৃত্বে বিনিয়োগ অব্যাহত রাখতে গভর্নর হোকল এবং DEC-র প্রতিশ্রুতি প্রদর্শন করে।"

**মার্কিন পরিবেশ সুরক্ষা এজেন্সি অঞ্চল 2 এর প্রশাসক লিসা এফ. গার্সিয়া বলেন,** "লং আইল্যান্ড সাউন্ড এবং এর আশেপাশের পানি দেশের সর্বাপেক্ষা নগরীকৃত উপকূলরেখাগুলির

একটি সংলগ্ন স্থানে বসবাসরত কয়েক মিলিয়ন মানুষের জন্য অত্যাবশ্যকীয় ও অতি গুরুত্বপূর্ণ সংস্থান। দ্বিপক্ষীয় অবকাঠামো আইন দ্বারা উপলভ্য করা তহবিলের কল্যাণে, মার্কিন EPA প্রাথমিক 2.25 মিলিয়ন মার্কিন ডলার EPA লং আইল্যান্ড সাউন্ড স্টাডি তহবিল নিউ ইয়র্ককে দিতে পেরে আনন্দিত যাতে আমাদের উপকূলীয় সম্প্রদায়সমূহের স্বাস্থ্য দৃঢ় করা যায়। EPA-র তহবিল সবুজ অবকাঠামো, ঝর্ণার তীর, এবং উপকূলের পুনঃস্থাপনকে সহায়তা করবে, এবং নাইট্রোজেন দূষণ হ্রাস করার জন্য নতুন প্রযুক্তি দ্বারা সেপটিক ব্যবস্থার হালনাগদকরণ করবে।"

**মার্কিন পরিবেশ সুরক্ষা এজেন্সি লং আইল্যান্ড সাউন্ড অফিসের পরিচালক মার্ক টেডেস্কো বলেন,** "সাউন্ডের নাইট্রোজেন দূষণ হ্রাস করা LISS-র দীর্ঘদিনের একটি লক্ষ্য। আমরা স্থানীয় সম্প্রদায়গুলির সাথে সরাসরি কাজ করে এই পরবর্তী ধাপটি গ্রহণ করতে পেরে আনন্দিত যাতে আরো স্বাস্থ্যকর পরিবেশ নিশ্চিত করতে সাহায্য করতে পারি।"

এছাড়াও DEC সম্প্রতি নাসাউ কাউন্টি নয় মুখ্য উপাদান নাইট্রোজেন পরিকল্পনার (Nassau County Nine Key Element Plan for Nitrogen) অনুমোদন দিয়েছে। পরিকল্পনাটি নাসাউ কাউন্টির ভূপৃষ্ঠের পানি এবং এমবেমেন্টের পানির মান পুনঃস্থাপন ও সুরক্ষার প্রয়াস অগ্রসর করতে সাহায্য করে। এর গঠন অর্থায়িত হয়েছিলো লং আইল্যান্ড সাউন্ড স্টাডির দ্বারা আংশিকভাবে এবং এটি নাসাউ কাউন্টি, DEC, এবং স্টোনি ব্রুক ইউনিভার্সিটির (Stony Brook Universit) বায়ুমণ্ডলীয় ও সামুদ্রিক বিজ্ঞান স্কুলের (Atmospheric and Marine Sciences, SoMAS) মধ্যকার একটি সমন্বয়। এর ফল হলো নাসাউ কাউন্টিতে এবং আশেপাশের পানিতে প্রবেশকৃত নাইট্রোজেনের পরিমাণ হ্রাস করার একটি বিজ্ঞানচালিত পরিকল্পনা। সাফোক কাউন্টি 2021 সালে একটি একই ধরনের পরিকল্পনা "নয় উপাদান পরিকল্পনা (Nine Element Plan)" শেষ করেছে।

নাসাউ কাউন্টি নয় উপাদান পরিকল্পনা নাইট্রোজেন উৎস সনাক্ত ও এর পরিমাণ নির্ধারণ করে এবং সেইস্থানের নির্ধারিত ব্যবস্থাপনা অনুশীলনের উপর নির্ভর করে নাইট্রোজেনের পরিবর্তন নির্ণয় করতে বিভিন্ন যন্ত্র ব্যবহার করে। এটি বিভিন্ন ধরনের সেরা ব্যবস্থাপনা অনুশীলন ও পদক্ষেপের সুপারিশ করে যা নাইট্রোজেন হ্রাস লক্ষ্য অর্জনে বাস্তবায়ন করা যেতে পারে, যার মধ্যে রয়েছে বাড়ি ও ব্যবসাকে সরকারি সিউয়ারের সাথে যুক্ত করা, সার ব্যবহার হ্রাস করা, এবং ভগ্নদশা সেপটিক প্রতিস্থাপন করে উদ্ভাবনী বিকল্প অনসাইট পরিশোধন ব্যবস্থা ব্যবহার করা ও আরো অন্যান্য ব্যবস্থা।

পরিকল্পনায় রয়েছে দুইটি ব্যবস্থা যা বর্তমানে বাস্তবায়িত হচ্ছে যা কাছের উপকূলে উল্লেখযোগ্য পরিমাণ নাইট্রোজেন নিঃসরিত হওয়া থেকে প্রতিহত করবে: বে পার্ক কনভেয়েন্স প্রকল্প (Bay Park Conveyance Project) এবং লং বীচ ডাইভারশন প্রকল্প (Long Beach Diversion Project)। বে পার্ক কনভেয়েন্স প্রকল্প হলো DEC এবং নাসাউ কাউন্টি সরকারি কাজ বিভাগের (Department of Public Works) মধ্যকার একটি অংশীদারিত্ব লং আইল্যান্ডের ওয়েস্টার্ন বে-সমূহের পানির মান ও স্থিতিস্থাপকতা উন্নয়ন করার জন্য, এর বিদ্যমান বর্জ্যপানি ব্যবস্থাপনা অবকাঠামো হালনাগাদ করার মাধ্যমে। এটি সাউথ শোর পানি পুনরুদ্ধার ফ্যাসিলিটি (South Shore Water Reclamation Facility) (পূর্বে বে পার্ক সিউয়েজ পরিশোধনাগার (Bay Park Sewage Treatment Plant) নাম পরিচিত) থেকে পরিশোধিত পানি, যা বর্তমানে দৈনিক গড়ে 50

মিলিয়ন গ্যালন পরিশোধিত পানি রেনল্ডস চ্যানেলে ফেলে, তা সিডার ক্রিক পানি দূষণ নিয়ন্ত্রণ প্ল্যান্টের (Water Pollution Control Plant, WPCP) তিন মাইল সাগর আউটফল পাইপে মুক্ত করবে, যার ফলে রেনল্ডস চ্যানেলের পানি ফেলা বন্ধ হবে। লং বীচ বর্জ্যপানি ডাইভারশন প্রকল্প লং বীচ বর্জ্যপানি পরিশোধনাগারকে একটি পাম্প স্টেশনে রূপান্তরিত করবে। বর্জ্যপানি পাম্প স্টেশন থেকে পাম্প করা হবে সাউথ শোর পানি পুনরুদ্ধার ফ্যাসিলিটিতে, পরিশোধনের জন্য। পাশাপাশি, সাউথ শোর পানি পুনরুদ্ধার ফ্যাসিলিটি একটি সম্পূর্ণ ঝড় স্থিতিস্থাপক করতে হালনাগাদকরণ কাজের দিকে অনেক অগ্রসর হইছে যা নাসাউ কাউন্টির করদাতাদের কোনও খরচ ছাড়াই হবে।

**সিনেটর চাক শুমার বলেন,** "আমি দীর্ঘদিন ধরে লং আইল্যান্ডের পরিবেশের জন্য এবং খাওয়ার পানির একমাত্র উৎস অ্যাকুইফারকে নাইট্রোজেন দূষণের কলঙ্ক থেকে বাঁচানোর জন্য লড়াই করেছি। আমি নিউ ইয়র্কের সকল এলাকায় রেকর্ড ফেডারেল তহবিল ফেরত এনেছি, যার মধ্যে রয়েছে খাওয়ার পানি ও বর্জ্যপানি অবকাঠামো প্রকল্পসমূহ, এবং আমি গভর্নর হোকল, কাউন্টি নির্বাহী বেলোনের প্রশংসা করছি সিউয়ার সম্প্রসারণ ও সাফোক কাউন্টির সেপটিক উন্নয়ন কর্মসূচির (Septic Improvement Program) জন্য এতো ফেডারেল তহবিল নিবেদিত করার জন্য। আরো 2.25 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল তহবিলের এই বরাদ্দ লং আইল্যান্ডের ওয়াটারওয়ে সংরক্ষণ করতে এবং জনস্বাস্থ্য রক্ষা করতে একটি টিকার মতো।"

**নাসাউ কাউন্টি নির্বাহী ব্রুস ব্লেকম্যান বলেন,** "আমি এই ফেডারেল তহবিলগুলি ভালোভাবে ব্যবহার করে লং আইল্যান্ডের ওয়াটারওয়েগুলিকে রক্ষা করতে গভর্নর হোকলের সাথে অংশীদারিত্ব করতে পেরে অতি আনন্দিত। এছাড়া আমি সিনেটর শুমার এবং আমাদের অন্যান্য ফেডারেল কর্মকর্তাদের প্রতি কৃতজ্ঞ যারা এইসব অতি প্রয়োজনীয় তহবিল নিশ্চিত করতে সাহায্য করেছে।"

**সাফোক কাউন্টির নির্বাহী স্টিভ বেলোন বলেন,** "যখন আমি দায়িত্ব গ্রহণ করি তখন আমি নাইট্রোজেনকে আমাদের পানির এক নম্বর শত্রু হিসেবে ঘোষণা করি। তখন থেকে আমরা দুর্দান্ত অগ্রগতি করেছি, যার মধ্যে রয়েছে সাফোক কাউন্টি আমাদের পানি পুনরুদ্ধার উদ্যোগ, যা আমাদের ওয়াটারওয়েতে ঢুকে যাওয়া নাইট্রোজেনের পরিমাণ উল্লেখযোগ্য পরিমাণ হ্রাস করেছে। আমি নিউ ইয়র্ক স্টেটকে ধন্যবাদ জানাতে চাই লং আইল্যান্ডের পানির মান আগামী অনেক প্রজন্মের জন্য উন্নত করতে তাদের অব্যাহত সমর্থন এবং তহবিল প্রদান করে সাহায্য করার জন্য।"

**স্টোনি ব্রুক ইউনিভার্সিটির বায়ুমণ্ডলীয় ও সামুদ্রিক বিজ্ঞান স্কুলের অধ্যাপক ডাঃ ক্রিস্টোফার গবলার বলেন,** "এই পদক্ষেপ হলো আরো প্রমাণ যে নিউ ইয়র্ক স্টেট এর সবথেকে মূল্যবান পণ্যে বিনিয়োগ করছে: পরিষ্কার পানি। এই প্রকল্পগুলি লং আইল্যান্ডের খাওয়ার পানির সরবরাহকে রক্ষা করবে এবং একইসাথে ভূপৃষ্ঠের পানি এবং সংশ্লিষ্ট সামুদ্রিক ও মিঠাপানির মৎস্যসম্পদ ও আবাস রক্ষা করবে। যদিও লং আইল্যান্ডের খাওয়ার পানি এবং ভূপৃষ্ঠের পানির মান কয়েক দশক ধরে হ্রাস পেয়েছে, নিউ ইয়র্ক স্টেটের গত কয়েক বছরের প্রচেষ্টা এবং এই পদক্ষেপ সামগ্রিকভাবে সেই চলকে পাল্টে দেওয়ার কাজ শুরু করেছে যাতে লং আইল্যান্ডের বর্তমান ও ভবিষ্যৎ প্রজন্ম লাভবান হয়।"

**পরিবেশের জন্য নাগরিকদের ক্যাম্পেইনের (Citizens Campaign for the Environment) নির্বাহী পরিচালক এড্রিয়ান এস্পোজিটো বলেন,** "এই নতুন তহবিলের উৎসটি নাইট্রোজেন দূষণের বিরুদ্ধে লড়াইয়ে এবং লং আইল্যান্ড সাউন্ডের পানির মান উন্নয়নে আরেকটি বিজয়। হাইপোক্সিয়া, লাল জোয়ার, মরিচা জোয়ার এবং মাছের মোর যাওয়া এই সবই অতিরিক্ত নাইট্রোজেন দূষণের সাথে জড়িত। সেকেলে সেপটিকগুলিকে আমাদের সিউয়েজকে পরিশোধন করবে এমন নতুন প্রযুক্তি দ্বারা প্রতিস্থাপন করলে তা আমাদের সৈকত, উপসাগর ও হার্বারগুলিকে সুরক্ষিত রাখবে। পানির অবকাঠামোতে এই নজিরবিহীন স্টেট ও ফেডারেল তহবিল আমাদের সম্প্রদায়গুলিতে দীর্ঘস্থায়ী স্থানীয় লাভ প্রদান করবে। আমরা আমাদের স্টেট ও ফেডারেল নেতৃবৃন্দদের ধন্যবাদ জানাই যারা পরিষ্কার পানির জন্য কাজ করছে।"

**নেচার কঞ্জারভেন্সির (The Nature Conservancy) লং আইল্যান্ড পলিসি উপদেষ্টা কেভিন ম্যাকডোনাল্ড বলেন,** "নেচার কঞ্জারভেন্সি গভর্নর হোকলের প্রশংসা করছে লং আইল্যান্ডের পরিষ্কার পানি ও স্বাস্থ্যকর উপকূল পুনঃস্থাপনকে ত্বরান্বিত করতে উল্লেখযোগ্য নতুন সংস্থান নিবেদিত করার জন্য। অতি প্রাচীন সেপটিক ব্যবস্থার নাইট্রোজেন দূষণ বুনোপ্রাণীকে ক্ষতিগ্রস্ত করে, সৈকত বন্ধ করে ফেলে, এবং আমাদের অর্থনীতি, স্বাস্থ্য ও জীবনযাপনের পন্থাকে ঝুঁকিগ্রস্ত করে। নেচার কঞ্জারভেন্সি এই প্রয়াসের বহু নেতৃবৃন্দকে ধন্যবাদ জানাচ্ছে এবং সম্পূর্ণ দ্বীপজুড়ে এইসব অতি গুরুত্বপূর্ণ সংরক্ষণ বিনিয়োগ সমর্থন ও অগ্রসর করা অব্যাহত রাখার জন্য উন্মুখ হয়ে আছে।"

নিউ ইয়র্ক স্টেটের রেকর্ড পানির মান অবকাঠামো তহবিল এছাড়াও সেপটিক প্রতিস্থাপনকে সমর্থন অব্যাহত রাখবে। সম্প্রতি, [গভর্নর ক্যাথি হোকল 30 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করেছেন](#) স্টেটের সেপটিক প্রতিস্থাপন কর্মসূচি (Septic Replacement Program) থেকে, 22 মিলিয়ন মার্কিন ডলার যাবে লং আইল্যান্ড প্রকল্পসমূহে, নিম্নমানের বা ভগ্নদশা হাজার হাজার সেপটিক ব্যবস্থা এবং সেসপুলের সমাধানে সাহায্য করার জন্য যা অঞ্চলটিতে এবং পুরো স্টেটজুড়ে উল্লেখযোগ্য পরিমাণ পানির মানের ক্ষতি করছে। 2022-23 স্টেট বাজেট (State Budget) অতিরিক্ত 1.2 বিলিয়ন মার্কিন ডলার অনুমোদিত করেছে, যার ফলে ল্যান্ডমার্ক পরিষ্কার পানি, পরিচ্ছন্ন বায়ু এবং সবুজ কর্মসংস্থান পরিবেশ বন্ড আইনের (Clean Water, Clean Air, and Green Jobs Environmental Bond Act) মোট দাঁড়ায় 4.2 বিলিয়ন মার্কিন ডলার। নিউ ইয়র্কের ভোটারদের দ্বারা অপ্রতিরোধ্যভাবে অনুমোদিত এই ঐতিহাসিক উদ্যোগটি বয়িষ্ণু পানি অবকাঠামোকে হালনাগাদ করবে এবং পানির মান রক্ষা করবে; বায়ু দূষণ হ্রাস করবে এবং জলবায়ু পরিবর্তনকারী নিঃসরণ কমাবে; প্রাণীর আবাস পুনঃস্থাপন করবে; সম্প্রদায়সমূহের তীব্র ঝড় ও বন্যা সহ্য করার ক্ষমতা জোরদার করবে; আউটডোর স্থান এবং স্থানীয় খামার সংরক্ষণ করবে; এবং সংস্থানের কমপক্ষে 35 শতাংশ, লক্ষ্য থাকবে 40 শতাংশ, সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে বিনিয়োগ করে সমতা নিশ্চিত করবে।

এছাড়াও বাজেটে পরিষ্কার পানির অবকাঠামো অর্থায়নের জন্য আরো 500 মিলিয়ন মার্কিন ডলার অন্তর্ভুক্ত আছে, যা 2017 সাল থেকে স্টেটের পরিষ্কার পানিতে বিনিয়োগ মোট 4.5 বিলিয়ন মার্কিন ডলার করবে। এছাড়াও বাজেট পরিবেশ সুরক্ষা তহবিলে (Environmental Protection Fund) রেকর্ড 400 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করছে জলবায়ু পরিবর্তন প্রশমন

এবং অভিযোজন প্রয়াসসমূহ, টেকসই কৃষি প্রচারে কৃষি সংস্থান উন্নত করা, আমাদের পানির উৎস রক্ষা করা, সংরক্ষণ প্রচেষ্টা অগ্রসর করা, এবং নিউ ইয়র্কবাসীদের জন্য বিনোদনমূলক সুযোগ প্রদান করার জন্য।

সেপটিক তহবিল অনুদান কর্মসূচিসমূহ এবং নয় উপাদান পরিকল্পনা হলো বৃহত্তর লং আইল্যান্ড নাইট্রোজেন কর্মপরিকল্পনার অংশ, যা DEC, লং আইল্যান্ড আঞ্চলিক পরিকল্পনা পরিষদ (Long Island Regional Planning Council), এবং সাফোক ও নাসাউ কাউন্টির মধ্যকার একটি অংশীদারিত্ব, দ্বীপটির নাইট্রোজেন হ্রাস প্রয়াস সমন্বয় করার জন্য। LINAP গঠিত হয়েছিলো ভূপৃষ্ঠ ও পৃষ্ঠতলের পানিতে নাইট্রোজেন প্রবেশের নথিভুক্ত পানির মান সমস্যার সাড়াদান হিসেবে এবং এটি নাইট্রোজেনের উৎস আরো ভালোভাবে বুঝতে এবং কীভাবে এই উৎস সবথেকে ভালো উপায়ে হ্রাস করা যায় তার জন্য লক্ষণীয় অগ্রগতি করেছে।

সাফোক কাউন্টি আমাদের পানি পুনরুদ্ধার সেপটিক কর্মসূচির ব্যাপারে আরো জানার জন্য ইমেইল করুন septicdemo@suffolkcountyny.gov এ। নাসাউ কাউন্টি পরিচ্ছন্নতা বৃদ্ধির সেপটিক পরিবেশ কর্মসূচি সম্পর্কে আরো জানতে তাদের ওয়েবসাইট ভিজিট করুন https://www.nassaucountyny.gov/5191/Nassau-Septic এ।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418